স্বামী মারা গেলে ইদ্দত পালন করা সংক্রান্ত বিধি-বিধান

[বাংলা – Bengali – بنغالي]

শাইখ মুহাম্মাদ সালেহ আল-মুনাজ্জিদ

অনুবাদ ও সম্পাদনা : ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

2012 - 1433

IslamHouse.com

عدة المتوفى عنها زوجها

« باللغة البنغالية »

الشيخ محمد صالح المنجد

ترجمة ومراجعة: د/ أبو بكر محمد زكريا

2012 - 1433

IslamHouse.com

স্বামী মারা গেলে ইদ্দত পালন করা সংক্রান্ত বিধি-বিধান

কোনো মহিলার স্বামী মারা গেলে মহিলাকে নিম্নোক্ত কাজ করতে হয়:

১- যে ঘরে স্বামী মারা গেছে, যদি সে সেখানে থাকে তবে সেখান থেকে বের না হওয়া। আর যদি অন্য কোথাও থাকে, তবে সেখান থেকেও ৪মাস দশ দিন বের না হওয়া। কারণ আল্লাহ তা‘আলা বলেন,

﴿وَٱلَّذِينَ يُتَوَفَّوْنَ مِنكُمْ وَيَذَرُونَ أَزْوَٰجًا يَتَرَبَّصْنَ بِأَنفُسِهِنَّ أَرْبَعَةَ أَشْهُرٍ وَعَشْرًاۖ فَإِذَا بَلَغْنَ أَجَلَهُنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا فَعَلْنَ فِيٓ أَنفُسِهِنَّ بِٱلْمَعْرُوفِۗ وَٱللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ٢٣٤﴾ [البقرة: ٢٣٤]

“আর তোমাদের মধ্যে যারা স্ত্রী রেখে মারা যায়, তারা (স্ত্রীগণ) নিজেরা চার মাস দশ দিন অপেক্ষায় থাকবে। অতঃপর যখন তারা তাদের ‘ইদ্দতকাল পূর্ণ করবে, তখন যথাবিধি নিজেদের জন্য যা করবে তাতে তোমাদের কোন পাপ নেই। আর তোমরা যা কর আল্লাহ্ সে সম্পর্কে সম্যক খবর রাখেন।” [সূরা আল-বাকারাহ: ২৩৪]

তবে যদি গর্ভবতী হয়, তবে সে সন্তান প্রসবের পরই বের হতে পারবে। কারণ, আল্লাহ বলেন,

﴿وَأُوْلَٰتُ ٱلْأَحْمَالِ أَجَلُهُنَّ أَن يَضَعْنَ حَمْلَهُنَّۚ﴾ [الطلاق: ٤]

“আর যাদের গর্ভে সন্তান রয়েছে তাদের ইদ্দতকাল হচ্ছে সন্তান প্রসব করা পর্যন্ত”। [সূরা আত-তালাক: ৪]

তবে একান্ত প্রয়োজন বা আবশ্যকীয় কাজে বের হতে পারবে, যেমন, রোগী হলে ডাক্তার দেখানো, খাবার ক্রয় ইত্যাদি, যখন তার কাজ করে দেওয়ার কেউ থাকবে না। অনুরূপভাবে ঘর নষ্ট হয়ে গেলেও বের হতে পারবে। তাছাড়া একাকী সে ঘরে ভয় পেলেও সেখান থেকে বের হতে পারবে।

২- ইদ্দতের সময় শেষ না হওয়া পর্যন্ত সাজসজ্জার পোষাক পরিধান করতে পারবে না। হলুদ বা সবুজ বা অন্যকোনো রঙীন পোষাক। বরং সাজসজ্জাহীন পোষাক পরিধান করবে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ নির্দেশই দিয়েছেন।

৩- ইদ্দতের সময় শেষ না হওয়া পর্যন্ত স্বর্ণ, রৌপ্য, আলমাস (ডায়মণ্ড), বা মনি-মুক্তার কোনো অলঙ্কার পরিধান করতে পারবে না।

৪- শরীরে বা কাপড়ে খোশবু ব্যাবহার করতে পারবে না। তবে যদি কোনো কারণে দুর্গন্ধ অনুভুত হয়, তখন সেটি দূর করার জন্য সাময়িকভাবে লাগাতে পারবে।

৫- ইদ্দতের সময় শেষ না হওয়া পর্যন্ত সুরমা লাগাবে না, চেহারায় সৌন্দর্যবর্ধক কিছু লাগাবে না। তবে সাধারণ, পানি ও সাবান দিয়ে ধৌত করতে পারবে। মেহেদী ব্যবহার করতে পারবে না। তাকে সরাসরি কেউ বিয়ের প্রস্তাব দিতে পারবে না। সেও বিয়ের কথা বলবে না।